

-০২-
ঢাকা ওয়াসা

- সংযুক্ত ফ্রঃ নং-১। সাপাশো ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্ত ফ্রঃ নং-২। আলোচ্য কাজের কোটেশন দর।
সংযুক্ত ফ্রঃ নং- ৩। কোটেশন দরের কমপারিজন রিপোর্ট।
সংযুক্ত ফ্রঃ নং-৪। সর্বশেষ পূর্ব-অনুমোদিত দর।
সংযুক্ত ফ্রঃ নং-৫। আলোচ্য সরবরাহকাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন।
সংযুক্ত ফ্রঃ নং-৬। আলোচ্য সরবরাহকাজের প্রাক্কলন।

Subject: Supply of Pre Chlorination motive water pump-motor and Related Services for Chlorination system of SWTP Phase 1.

১। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পানি শোধন কাজের জন্য তরল ক্লোরিন গ্যাস গুরুত্বপূর্ণ উপকরণ হিসাবে ব্যবহৃত হয়। এই তরল ক্লোরিন গ্যাস ১০০০ কেজি ক্ষমতা সম্পন্ন ক্লোরিন সিলিন্ডারে ধারণ করে ক্লোরিনেশন ডোজিং সিস্টেমের মাধ্যমে পানিতে প্রয়োগ করা হয়। মোটিভ ওয়াটার পাম্প মোটরের মাধ্যমে পানির সঙ্গে তরল ক্লোরিন গ্যাস এর মিশ্রণ করা হয়। শোধনাগারের পানি শোধন কাজের জন্য তরল ক্লোরিন গ্যাস দুই পয়েন্টে পানির সঙ্গে মেশানো হয়। পানি শোধন কাজের প্রথম ধাপে প্রি-ক্লোরিনেশন মোটিভ ওয়াটার পাম্প মোটরের সাহায্যে ক্লোরিন মিশ্রিত পানি 'র' ওয়াটারের সঙ্গে মেশানো হয়। দ্বিতীয় ধাপে পোস্ট-ক্লোরিনেশন মোটিভ ওয়াটার পাম্প মোটরের সাহায্যে ক্লোরিন মিশ্রিত পানি ট্রিটেড ওয়াটারের সঙ্গে মেশানো হয়। এখানে উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ক্লোরিনেশন সিস্টেমে ক্লোরিনের ডোজিং এর পরিমাণ বৃদ্ধি করা হয়। ফলে নতুন সিস্টেমে নতুন কোন প্রি-ক্লোরিনেশন মোটিভ পাম্প মোটর মজুত নাই। একটানা দীর্ঘদিন চলার ফলে ইনসুলেশন দুর্বল হয়ে কার্যক্ষমতা হ্রাস পাই ফলে কোন সময় পাম্প মোটরের ত্রুটি এবং মেরামতের প্রয়োজন হলে নতুন ক্লোরিনেশন সিস্টেমে বন্ধ থাকবে। শুষ্ক মৌসুম বিবেচনায় দ্রুত পাম্প মোটর ক্রয় করা প্রয়োজন। বিধায় ক্লোরিনেশন সিস্টেমের জন্য ১ (এক) সেট ১১ কিলোওয়াট মোটিভ ওয়াটার পাম্প মোটর ক্রয় কাজের জন্য কোটেশন অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। প্রাক্কলিত টাকার (ক্রমিক নং-৪ দ্রঃ) পরিমাণ মোট- ২৪,৫৯,৯৪৫/- (চব্বিশ লক্ষ উনষাট হাজার নয়শত পয়তাল্লিশ টাকা মাত্র) টাকা হয়েছে।

২। উক্ত কাজটি পি.পি.আর ২০০৮ এর ৬১(১) ধারাতে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) তে সম্পাদন করা যেতে পারে। কাজটি চলতি ২০২৪-২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি পাম্প ক্রয় খাতের সিরিয়াল নং AC-4, G-107 অন্তর্ভুক্ত আছে।

৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগারের ক্লোরিনেশন সিস্টেমের জন্য Supply of Pre Chlorination motive water pump-motor and Related Services for Chlorination system of SWTP Phase 1. সংগ্রহ কাজের জন্য উপস্থাপিত মোট- ২৪,৫৯,৯৪৫/- (চব্বিশ লক্ষ উনষাট হাজার নয়শত পয়তাল্লিশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ OTM e-GP তে দরপত্র আহবানের সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

fatima
27/6/25

ফাতেমা আক্তার
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

AE
27.06.25

সৈয়দ মোঃ মাহফুজুর রহমান
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

7/6
27/6/25

Md. Emranul Islam
Executive Engineer
Saidabad Water Treatment Plant (Op.)
Dhaka WASA.

SE, WSTP

27.06.25

CFE

আব্দুল মালিক

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাশারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পানি ও গ্যাস শোধনাগার সার্কেল
নং প্রকল্পের নং ২৭১ জং ২৭/৬/২৫
তারিখ: ২৭/৬/২৫